নম্বর 202.14

<u>নির্বাহী আদেশ</u>

দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত আইনের সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

এখন অতএব আমি, অ্যান্ড্রু এম. কুওমো, নিউ ইয়র্কের গভর্নর, নির্বাহী আইনের আর্টিকেল 2-B এর সেকশন 29-a দ্বারা আমার উপর ন্যস্ত কতৃত্ব বলে আইনের এবং কোন নির্দেশ যা কোন পরবর্তী নির্দেশ যা নির্বাহী আদেশ 202 এবং তার প্রত্যেক উত্তরসূরি নির্বাহী আদেশ দ্বারা প্রণীত, তার দ্বারা অতিক্রান্ত হয়নি, তার স্থগিতাদেশ এবং পরিবর্তন অব্যাহত রাখছি, ত্রিশ দিন পর্যন্ত, 07 মে 2020 অবধি, নিচে উল্লিখিত সীমিতকরণ বাদে।

উপরন্তু, এতদ্বারা, যে কোন সংস্থার কোনও আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা নিয়ম, বা এর অংশবিশেষ সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করছি রাষ্ট্রীয় দুর্যোগপূর্ণ জরুরী অবস্থার সময়ে, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা আইন মেনে চলা দুর্যোগের জরুরি অবস্থা মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপকে বাধা দেয়, বা বিলম্বিত করে বা এই জাতীয় দুর্যোগ মোকাবেলায় সাহায্য বা সহায়তা করার জন্য প্রয়োজন হয়, এই কার্যনির্বাহী আদেশের তারিখ থেকে 07 মে 2020 অবধি, এর মধ্যে এগুলি রয়েছে:

- শিক্ষা আইনের 6524 ধারা, NYRR এর টাইটেল 8 এর সেকশন 60.7 এবং NYCRR এর টাইটেল 10 এর সাব ডিভিসন (g) 405.4 এর অনুচ্ছেদ (1) সেই পর্যন্ত যা প্রয়োজন কোনও চিকিৎসককে নিউ ইয়র্ক রাজ্যের মধ্যে বা বাইরে একটি লাইসেন্সধারী চিকিত্সকের তত্ত্বাবধানে কোনো প্রতিষ্ঠানে অনুশীলন করার অনুমতি প্রদান করে যিনি লায়াজন কমিটি অন মেডিকাল এডুকেশনের (Liaison Committee on Medical Education) একটি মেডিক্যাল এডুকেশন অ্যাক্রেডিটিং এজেন্সির অনুমোদিত একটি চিকিৎসা শিক্ষার প্রোগ্রাম থেকে বা আমেরিকান ওস্টিওপ্যাথিক অ্যাসোসিয়েশনের (American Osteopathic Association) দ্বারা স্বীকৃত একটি অ্যাকাডেমিক মেডিক্যাল প্রোগ্রাম থেকে 2020-তে স্নাতক হবেন এবং যাকে অ্যাক্রেডিশন কাউন্সিল ফর গ্র্যাজুয়েট মেডিকাল এডুকেশন (Accreditation Council for Graduate Medical Education) দ্বারা সীকৃত রেসিডেন্সি প্রোগ্রাম গ্রহণ করে।

- সারোগেট কোর্ট প্রসিডিওরের সেকশন 1726 এর সাবডিভিসন এক, দুই, চার, পাঁচ, আট এবং নয় এতদ্বারা পরিবর্তন করা হল যাতে কোন প্যারেন্ট, আইনসম্মত অভিভাবক, আইনসম্মত জিম্মাদার, অথবা মূল তত্ত্বাবধায়ক যিনি একটি স্বাস্থ্য পরিচর্যা ফেসিলিটিতে কাজ করেন বা স্বেচ্ছায় সেবা প্রদান করেন অথবা যিনি যুক্তিসঙ্গতভাবে মনে করেন যে তারা হয়ত অন্যভাবে COVID-19 এর

সংস্পর্শে এসেছেন, তারা একজন অপেক্ষারত অভিভাবককে মনোনিত করতে পারেন লিখিতভাবে, সেই সকল সাবডিভিসনে উল্লিখিত প্রক্রিয়া অনুযায়ী; এবং সেই মনোনয়ন কার্যকর হবে সেই সাবডিভিসনে উল্লিখিত প্রক্রিয়া অনুযায়ী; এবং

- বীমা আইনের (Insurance Law) সেকশন 3216(d)(1)(C) এবং 4306(g), ফাইনান্সিয়াল সার্ভিসেসের সুপারিনটেন্ডেন্টের দ্বারা প্রযোজ্য বীমাকারকের নগদের উপলভ্যতা এবং স্বচ্ছলতার বিবেচনার সাপেক্ষে, কর্পোরেশনের ক্ষেত্রে বীমা আইনের আর্টিকেল 43, অথবা স্বাস্থ্য রক্ষণাবেক্ষনের সংস্থা যাদের পাবলিক স্বাস্থ্য আইনের আর্টিকেল 44 অনুযায়ী প্রত্যয়িত করা হয়, তাদের:
    - প্রিমিয়াম প্রদানের সময়কাল প্রযোজ্য চুক্তিভিত্তিক গ্রেস সময়কালের মেয়াদ শেষ হওয়ার এবং 01 জুন 2020, সন্ধ্যা 11.59, এর মধ্যে যেটি পরে হয়, তত অবধি প্রসারিত করা কোন সমন্বিত স্বাস্থ্য বীমা নীতি ধারক বা চুক্তি ধারকের জন্য একটি ব্যক্তিগত পলিসি বা চুক্তির অধীনে, যেমন সেই শর্তগুলি সেই সেকশনগুলিতে ব্যবহৃত হয়, যিনি আর্থিক অসুবিধার সম্মুখীন হচ্ছেন COVID-19 বিশ্বব্যাপী মহামারীর কারনে; এবং
    - বাধ্যতামূলক করে যে প্রযোজ্য বিমাকারক, কর্পোরেশন বীমা আইনের আর্টিকেল 43 বা স্বাস্থ্য রক্ষণাবেক্ষণ সংস্থা, পাবলিক হেলথ আইনের অআর্নুটিকেল 44 অনুযায়ী প্রত্যয়িত, দাবির অর্থ প্রদানের জন্য সেই সময়কালে এবং বীমার পলিসিটি বা চুক্তিটি পূর্বের তারিখ থেকে সমাপ্ত করবেন না সেই সময়ে প্রিমিয়াম প্রদান না করার জন্য।

উপরন্তু, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে শুরু করে 07 মে 2020 পর্যন্ত নিম্নোক্ত নির্দেশগুলি জারি করছি:

- কোন চিকিৎসার সরঞ্জাম (ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE), ভেন্টিলেটর, রেস্পিরেটর, বাই-প্যাপ, অ্যানেস্থেশিয়া, বা অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম বা সরবরাহের জন্য স্বাস্থ্য কমিশনার দ্বারা নির্ধারিত) যা রাজ্যের কোন সত্তার দ্বারা সংরক্ষিত, অথবা রাজ্যে অবস্থিত, তা DOH এর কাছে রিপোর্ট করতে হবে। ভবিস্যতে স্বল্প সময়ে কোন স্বাস্থ্য পরিচর্যা ফেসিলিটির কাছে প্রয়োজন বা বর্তমানে নিষ্প্রয়োজন বস্তুগুলি DOH এমন একটি ফেসিলিটিতে সরাতে পারে যাদের সেই বস্তুগুলির জরুরি ভিত্তিতে প্রয়োজন আছে, নিউইয়র্কের হাসপাতালগুলি, বিভিন্ন ফেসিলিটিগুলি এবং স্বাস্থ্য সেবা কর্মীদের কাছে COVID-19 মহামারির মোকাবিলা করার জন্য প্রয়োজনীয় সংস্থানের উপলভ্যতা নিশ্চিত করার জন্য, এবং সেগুলি সেই সব স্থানে বিতরণ করা যেখানে সেগুলির অবিলম্বে প্রয়োজন আছে। DOH সেই বস্তুগুলি অবিলম্বে ফেরত দেবে যখন সেগুলি আর জরুরি ভিত্তিতে প্রয়োজন হবে না এবং/অথবা, বাজেট ডিভিশনের সাথে পরামর্শ করে, নিশ্চিত করবে যে যে সব বস্তু এবং উপাদান করায়ত্ত করা হয়েছে তার জন্য ক্ষতিপূরণ প্রদান করা হয় বাজারের দরে যা আয়ত্তে নেওয়ার সময় বিদ্যমান ছিল, এবং ব্যবসা ও ব্যক্তিবর্গকে পেমেন্ট চাইবার জন্য পথ নির্দেশিকা প্রদান করা হবে।

- এক্সিকিউটিভ অর্ডার 202.3, 202.4, 202.5, 202.6, 202.7, 202.8, 202.10, 202.11, এবং 202.13 সরকারি বা বেসরকারি ব্যবসা বা সরকারি বাসস্থানের জায়গাগুলিকে বন্ধ করেছে বা অন্যভাবে সীমিত করেছে, এবং যা কোন অপরিহার্য নয় এমন যে কারণের জন্য যে কোন আয়তনের ব্যক্তিবর্গের জনসমাবেশ স্থগিত বা বাতিল করে (যেমন পার্টি, উৎসব, খেলা, সভা বা অন্যান্য সামাজিক অনুষ্ঠান), এমন সব নির্বাহী আদেশ অব্যাহত থাকবে, এই শর্তে যে এই ধরনের এক্সিকিউটিভ অর্ডারের মেয়াদপূর্তির তারিখ জোট করা হবে, যাতে সব ইন-পার্সন ব্যবসায়িক বিধিনিষেধ এবং কর্মক্ষেত্রের বিধিনিষেধ কার্যকর থাকবে 29 এপ্রিল 2020, রাত 11:59 পর্যন্ত, যদি না পরে ভবিষ্যতের নির্বাহী আদেশ দ্বারা বাড়ান হয়।

- 07 এপ্রিল 2020, 2020-তে এবং তারপর থেকে যে কোন ধরনের ভবিস্যতে চলমান নির্দেশের লঙ্ঘন, অন্যান্য প্রয়োগকারী ব্যবস্থা যা কোন পূর্বের নির্বাহী আদেশে বর্ণিত হয়েছে, তা পাবলিক হেলথ ল্য এর ধারা 12-b(2) এর লঙ্ঘন হিসেবে শাস্তিযোগ্য অপরাধ এবং স্বাস্থ্য কমিশনারকে জরুরী নিয়মকানুন জারি করার নির্দেশ এবং অনুমোদন প্রদান করা হয়েছে। কোন ব্যক্তি যে কোন জমায়েতে অংশ নিচ্ছে যা অর্ডারের শর্তাবলী লঙ্ঘন করে বা যে কোন স্থানে, যা তার গৃহ নয়, সেখানে কার্যকর সামাজিক দূরত্ব বজায় রাখার বিধিনিষেধ মেনে চলতে ব্যর্থ হচ্ছে, তার জন্য এই ধরনের লঙ্ঘনের জন্য জরিমানা জরিমানার পরিমাণ 1,000 মার্কিন ডলার অতিক্রম করবে না।

- স্টেটব্যাপী স্কুল বন্ধের সাথে সম্পর্কিত নির্বাহী আদেশ 202.4, যা নির্বাহী আদেশ 202.11 দ্বারা সংশোধিত, তা এরপরে পরিবর্তন করা হবে যাতে এই প্রদান করা যায় যে সকল স্কুল 29 এপ্রিল 2020 পর্যন্ত বন্ধ থাকবে, যে সময় এই বন্ধ রাখা অব্যাহত থাকবে কিনা তা পুণঃমূল্যায়ন করা

হবে। COVID-19-এর প্রাদুর্ভাবের কারণে কোনো স্কুল 180 দিনের সেশনের শর্ত পূরণে ব্যর্থ হলে তার স্কুল এইড হ্রাস পাবে না, এই শর্তে যে তাদের বন্ধ রাখার মেয়াদ এখানে উল্লিখিত শর্তের বাইরে যেন না যায়। অপরিহার্য কর্মীদের শিশুদের পরিচর্যা উপর জোর দেওয়া সহ স্কুল ডিস্ট্রিক্টগুলোকে বিকল্প নির্দেশনামূলক ব্যবস্থা, বিতরণ এবং খাবারের প্রাপ্যতা, ও শিশু পরিচর্যার জন্য পরিকল্পনা করতে হবে, এবং প্রথমে কোন ছুটির দিন বা প্রবল তুষারপাতের দিনগুলি ব্যবহার করা অব্যাহত রাখতে হবে।

- আর্থিক পরিষেবার সুপারিন্টেনডেন্ট একটি সংকটকালীন বিধি ঘোষণা করতে পারবেন, যা আর্থিক পরিষেবার সুপারিন্টেনডেন্ট এর প্রযোজ্য বীমাকারক, কর্পোরেশনের নগদ উপলভ্যতা এবং স্বচ্ছলতার বিবেচনার সাপেক্ষে করা হবে বীমা আইনের আর্টিকেল 43 অনুযায়ী, জনস্বাস্থ্য আইনের আর্টিকেল 44 অনুযায়ী প্রত্যয়িত স্বাস্থ্য রক্ষণাবেক্ষণ সংস্থা, অথবা বীমা আইন 1124 অনুযায়ী প্রত্যয়িত ছাত্র স্বাস্থ্য পরিকল্পনার ক্ষেত্রে, যাতে করে:
    - প্রিমিয়াম প্রদানের সময়কাল প্রযোজ্য চুক্তিভিত্তিক গ্রেস সময়কালের মেয়াদ শেষ হওয়ার এবং 01 জুন 2020, সন্ধ্যা 11.59, এর মধ্যে যেটি পরে হয়, তত অবধি প্রসারিত করা যে কোনো ছোট গ্রুপ বা স্টুডেন্ট ব্ল্যাঙ্কেট সমন্বিত স্বাস্থ্য বীমা পলিসি বা চুক্তি, অথবা যে কোন শিশু স্বাস্থ্য বীমা পরিকল্পনা পলিসি বা চুক্তির জন্য যেখানে পলিসি হোল্ডার বা চুক্তি ধারক পুরো প্রিমিয়াম বহন করে, কারণ বীমা আইনে ওই শর্তাবলী ব্যবহার করা হয়, যে কোনও পলিসি হোল্ডার বা চুক্তিধারী যারা COVID-19 মহামারির ফলে আর্থিক কষ্টের সম্মুখীন হন; এবং
    - বাধ্যতামূলক করে যে প্রযোজ্য বিমাকারক, কর্পোরেশন বীমা আইনের আর্টিকেল 43 বা স্বাস্থ্য রক্ষণাবেক্ষণ সংস্থা, পাবলিক হেলথ আইনের আর্টিকেল 44 অনুযায়ী প্রত্যয়িত, অথবা বীমা আইনের § 1124 অনুযায়ী প্রত্যয়িত ছাত্র স্বাস্থ্য পরিকল্পনা, সেই সময়কালে দাবির অর্থ প্রদানের জন্য দায়ী থাকবে এবং বীমার পলিসিটি বা চুক্তিটি পূর্বের তারিখ থেকে সমাপ্ত করবেন না সেই সময়ে প্রিমিয়াম প্রদান না করার জন্য।

- আর্থিক সেবাসমূহের সুপারিন্টেনডেন্ট এই নির্বাহী আদেশ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় জরুরী বিধি জারি করার কর্তৃত্ব থাকবে, যার মধ্যে রয়েছে নিম্নলিখিত সংক্রান্ত বিধি: (1) লেট ফি মওকুফ; এবং (2) ক্রেডিট ব্যুরোর কাছে নেতিবাচক তথ্য প্রতিবেদন করার উপর নিষেধাজ্ঞা।

- এস্টেটস পাওয়ার্স অ্যান্ড ট্রাস্ট ল্য (Estates Powers and Trusts Law, EPTL) 3-2.1(a)(2), EPTL 3-2.1(a)(4), পাবলিক হেলথ ল্য (Public Health Law) 2981(2)(a), পাবলিক হেলথ ল্য 4201(3), রিয়েল প্রপার্টি ল্য (Real Property Law) এর আর্টিকেল 9, জেনারাল অব্লিগেশন্স ল্য (General Obligations Law) এর 5-1514(9)(b), এবং EPTL 7-1.17 এর ক্ষেত্রে, স্বাক্ষ্য প্রদানের প্রয়জনিয়তা যা উপরোক্ত নিউইয়র্ক স্টেটের আইনগুলির ক্ষেত্রে বাধ্যতামূলক, তা অডিও-ভিডিও প্রযুক্তির মাধ্যমে সম্পাদন করা অনুমোদিত এই শর্তে যে নিম্নলিখিত শর্তগুলি পূরণ করা হয়:
    - যে ব্যক্তি চান তার স্বাক্ষরের সাক্ষ্য দেওয়া হক, যদি তিনি সাক্ষ্য প্রদানকারী(দের) সাথে ব্যক্তিগতভাবে পরিচিত না হন, তাহলে তাকে অবশ্যই ভিডিও কনফারেন্সের চলার সময় সাক্ষ্য প্রদানকারীদের কাছে কাছে বৈধ ছবি সম্বলিত পরিচয়পত্র প্রদর্শন করতে হবে, এটি কেবল আগে বা পরে সঞ্চারিত করে নয়;
    - ভিডিও কনফারেন্সে অবশ্যই ব্যক্তি এবং সাক্ষ্য(দের) মধ্যে সরাসরি আলাপচারিতার সুযোগ প্রদান করতে হবে, এবং প্রযোজ্য হলে তত্বাবধানকারী উকিলের সাথে, (যেমন, স্বাক্ষরকারী ব্যক্তির পূর্বে ধারনকৃত কোনও ভিডিও নয়);
    - সাক্ষী(দের) স্বাক্ষরের পৃষ্ঠা(গুলি)র একটি পাঠ্য অনুলিপি পেতে হবে, যা ফ্যাক্স বা ইলেকট্রনিক উপায়েপ্রেরিত হতে পারে, সেই একই তারিখে যখন পৃষ্ঠাটিতে ব্যক্তির দ্বারা স্বাক্ষরিত হয়;
    - সাক্ষী(রা) স্বাক্ষরের পৃষ্ঠা(গুলি)র প্রেরিত অনুলিপি স্বাক্ষর করতে পারবেন এবং ব্যক্তির কাছে তা ফেরত পাঠাতে পারবেন; এবং
    - সাক্ষ্য(রা) কার্যকর করার তারিখে মূল স্বাক্ষরিত নথিটির আবার সাক্ষ্য প্রদান করতে পারেন সম্পাদনের তারিখে এই শর্তে যে সাক্ষ্য(রা) সেই আসল স্বাক্ষরের পৃষ্ঠাটি

বৈদ্যুতিনভাবে সাক্ষ্য প্রদান করা অনুলিপিগুলির একই সাথে প্রাপ্ত হন সম্পাদনের ত্রিশ দিনের মধ্যে।

আমার স্বহস্তে এবং অ্যালবেনি স্টেটের প্রিভি সীল সহ দুই

হাজার বিশ সালের এপ্রিল মাসের সপ্তম

দিনে এটি প্রদান করা হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব